



০১ মে ২০১৭

প্রেস বিজ্ঞপ্তি

মহান মে দিবস উপলক্ষে নারী পুরুষের সমমজুরী নিশ্চিতকরণ ও কর্মক্ষেত্রে যৌন হয়রানী বন্ধে কার্যকর ও দ্রুত পদক্ষেপ গ্রহণের জোর দাবী জানাচ্ছে ব্লাস্ট

আজ মহান মে দিবস উপলক্ষে আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও)-র ১০০ ও ১১১ নং সনদ এবং রাষ্ট্রীয় আইন অনুসরণ করে সারাদেশে কর্মক্ষেত্রে নারী-পুরুষের সমমজুরী, কর্মের সমতা নিশ্চিতকরণ এবং কর্মক্ষেত্রে যৌন হয়রানী রোধে রাষ্ট্রীয় ও ব্যক্তি খাতের চাকুরীদাতাদের পদক্ষেপ গ্রহণে দ্রুত ব্যবস্থা নেওয়ার জন্য ব্লাস্ট জোর দাবী জানাচ্ছে। পাশাপাশি কর্মক্ষেত্রে নারী-পুরুষের সমতা নিশ্চিতকরণের জন্য বাংলাদেশের বিদ্যমান আইনী কাঠামো শক্তিশালীকরণের জোর দাবী জানাচ্ছে ব্লাস্ট।

বিদ্যমান আইন ও নীতিমালায় নারী-পুরুষের সমতার বাধ্যবাধকতা থাকা সত্ত্বেও সরকারী ও বেসরকারী কর্মক্ষেত্রে নারীদের প্রতি ব্যাপকমাত্রার বৈষম্য পরিলক্ষিত হওয়ায় ব্লাস্ট অত্যন্ত উদ্দিগ্ন। উদাহরণস্বরূপ, এখনো অনেক চাকুরীদাতা প্রতিষ্ঠান যৌন হয়রানী বন্ধে সুপ্রীম কোর্টের নীতিমালা মেনে চলছে না যদিও তা সকলের জন্য বাধ্যকর একটি আইন।

ব্লাস্ট আরো আশা করছে যে, জেডার সমতা সংক্রান্ত আইএলও সনদের সংশ্লিষ্ট বিধান রাষ্ট্রীয় আইনে অন্তর্ভুক্ত করে বিদ্যমান আইনগত কাঠামোকে শক্তিশালী করার জন্য সরকার দ্রুত কার্যকর পদক্ষেপ গ্রহণ করবে। উদাহরণস্বরূপ, আইএলও সনদ নং ১০০ (সমান কাজের জন্য সম-মজুরি সংক্রান্ত) এবং ১১১ (চাকুরী ও পেশাগত বৈষম্য দূরীকরণ সংক্রান্ত) বাংলাদেশের রাষ্ট্রীয় আইনে পুরোপুরি অন্তর্ভুক্ত করা হয়নি। তাছাড়া পরিবারের দায়-দায়িত্ব সম্পন্ন শ্রমিক এবং মাতৃত্বকালীন সুরক্ষা সংক্রান্ত আইএলও সনদ নং ১৫৬ ও ১৮৩ এখন পর্যন্ত বাংলাদেশ অনুস্বাক্ষর করে নাই।

বার্তা প্রেরক:

মাহবুবা আক্তার

উপ- পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

ইমেইল: mahbuba@blast.org.bd